আপনারা সমকামী, আপনারা একে অপরকে ভালবাসেন,
আপনারা চিরদিনের জন্যে একসাথে থাকতে চান ...

গেট হিচড!

সিভিল পার্টনারশীপের (নাগরিক অংশীদারিত্ব) এ'টি একটি নির্দেশিকা

* * *

'আপনার রয়েছে সবরকম অধিকার - এবং সব ধরণের দায়িত্ব- যা বিয়ে করলে সাধারণ দম্পতিরা ভোগ/পালন করে থাকেন'

১ তাহলে, সিভিল পার্টনারশীপ, এ'টি বিয়ে নাকি বিয়ে নয়?

সকল লক্ষ্য ও উদ্দেশ্যের বিবেচনায়, হ্যাঁ। সিভিল পার্টনারশীপের মাধ্যমে আপনি ভোগ করবেন সমস্ত অধিকার ও সুবিধা - *এবং সমস্ত দায়িত্ব* - যা বিয়ে করলে সাধারণ দম্পতিরা ভোগ করে থাকেন।
এ'টি একই কথা। আপনি আপনার সাথে সম্পর্কিতদের শুভ কামনাও চাইতে পারেন।

২ কি ধরণের অধিকারের কথা আপনি বোঝাচ্ছেন?

একজন নূতন শুভানুধ্যায়ী ও বড় বান্ধব ছাড়া? রক্তের সম্পর্কের ঠিক পরের স্থানটি আপনি পাবেন, আপনার সঙ্গীর সন্তানদের ব্যাপারেও আপনার অধিকার থাকবে, উত্তরাধিকারের ব্যাপারে সাধারণ দম্পতিদের যে ধরণের অধিকার থেকে থাকে সে রকম অধিকারসহ আপনার ট্যাক্সের (কর) অধিকারও থাকবে। এছাড়াও আপনি পাবেন পেনশান ভোগের অধিকার এবং আপনার সঙ্গী মারা গেলে হয়তো সেই সঙ্গীর পেনশনও আপনি দাবী করতে পারবেন ....

৩ এ'টিই কি আমরা হয়েছি, সিভিল পার্টনার?

হ্যাঁ, তবে আপনারা একে অপরকে যা বলে সম্বোধন করতে চান তার থেকে কেউ আপনাদের বিরত করতে পারবেন না - স্বামী, স্ত্রী, হাসবিয়ার, হার ইনডোর্স - যদিও এগুলোর কোনটিই অফিসিয়াল কাগজপত্রে নেই। আপনি যদি আপনার সঙ্গীর নাম আপনার ড্রাইভিং লাইসেন্সে, অথবা পাসপোর্টে নিতে চান তাহলে তা করার জন্যে আপনার পরিচয়ের প্রমাণপত্র ও সিভিল পার্টনারশিপ সার্টিফিকেটই (নাগরিক সঙ্গীর সনদপত্র) যথেষ্ট।

* * *

' বিষটি আইনগতভাবে বৈধ, অতএব এ ব্যাপারটি হাস্যরসাত্মক নয় অথবা এর মধ্যে কোন স্বল্পস্থায়ী রোমান্টিক দিকও নেই '

৪ তাহলে, সঙ্গীদের মধ্যে উত্তরাধিকার সম্পর্কিত আর কোন ট্যাক্সের ব্যাপার থাকছেনা?

হ্যাঁ, কারণ আপনারা এখন সিভিল পার্টনার এবং সাধারণ বিবাহিত দম্পতিদের মতই আপনাদের স্বীকার করে নেয়া হয়েছে। আপনার রয়েছে মৃত্যু রেজিষ্ট্রীর (নিবন্ধন) অধিকার, বিরিভমেন্ট বেনিফিট (শোককালীন ভাতা) লাভের অধিকার, মারাত্মক দুর্ঘটনার ক্ষেত্রে ক্ষতিপূরণ দাবীর অধিকার, আপনার শেয়ারকৃত ভাড়া বাসায় বসবাসের অধিকার ...

৫ তবে সিভিল পার্টনার হবার জন্যে আমাদের একত্রে বসবাসের দরকার নেই?

না। সাধারণ বিবাহিত দম্পতিদের মতই এ ক্ষেত্রেও ব্যাপারটি একই। ঘরের ভেতর কি ধরণের ব্যবস্থাপত্র চলছে এবং কে কোথায় থাকছে এ'টি কারোরই মাথা ব্যাথা নয়। সুযোগ-সুবিধা ও বেনিফিটের ক্ষেত্রে বিবাহিত সাধারণ দম্পতিদের আপনার বস (উর্ধ্বতন অফিসার) যেভাবে দেখে থাকেন, ঠিক সেভাবেই আপনাকে এবং আপনার সিভিল পার্টনারকে আপনার বস দেখে থাকবেন।

৬ আপনি এ বিষয়টির সথে সম্পর্কিত দায়-দায়িত্বের ব্যাপারেও বলছিলেন ...
আসলে বিষয়টি আইনগতভাবে বৈধ, অতএব এ'টি হাস্যরসাত্মক নয় অথবা এর মধ্যে কোন স্বল্পস্থায়ী রোমান্টিক দিকও নেই। আপনাকে অবশ্যই এই সম্পর্কের দায়-দায়িত্ব বহন করতে হবে, আপনার সিভিল পার্টনার ও বাচ্চাকাচ্চার ভরণ-পোষণ এর আওতায় আসতে পারে। আপনি যদি কোন বেনিফিট ভোগ করতে থাকেন, তাহলে যে কোন বিবাহিত দম্পতির মতই আপনাকে একইভাবে দেখা হবে। সাধারণ অথবা সমকামী - কোন লিখিত চুক্তি ছাড়া একত্রে বসবাসরত সমস্ত দম্পতির জন্যেই ব্যাপারটি একই।

* * *

'এ'টিকে বলা হয় বিচ্ছেদ তবে হ্যাঁ, ব্যাপারটি পুরোপুরি ব্যার্থ হলে সেক্ষেত্রে আপনার দরকার "ডাইভোর্স (তালাক)"'

৭ ব্যাপারটি আগাগোড়াই ভুল হলে আপনাকে কি ডাইভোর্স নিতে হবে?
এ'টিকে বলা হয় 'বিচ্ছেদ' তবে হ্যাঁ, ব্যাপারটি পুরোপরিই ভুল হলে আপনাকে ডাইভোর্স নিতে হবে।

৮ এবং আমরা কি চার্চে টাইয়ের নট লাগাতে পারবো?
সমকামীদের প্রতি বন্ধু-বৎসল ভিকারের (যাজক) মাধ্যমে (অথবা সকামীদের প্রতি বন্ধু-বৎসল একই ধরণের কোন ধর্মীয় নেতার মাধ্যমে) চার্চে আপনি আর্শীবাদ লাভ করতে পারবেন, রেজিষ্টার অফিসে যেসব সাধারণ দম্পতিরা বিয়ে করে থাকেন এক্ষেত্রেও ব্যাপারটি একই। তবে ঠিক যেভাবে সিভিল বিয়ের ক্ষেত্রে সাধারণ দম্পতিদের জন্যে রেজিষ্ট্রেশান চলাকালীন সময়ে কোন ধর্মীয় সার্ভিসের ব্যবস্থা হয়না, এক্ষেত্রেও বিষয়টি একই রকম হবে। তবে এর অর্থ এই নয় যে আপনি সুন্দরভাবে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারবেন না। নাগরিক সেবা প্রদানের লাইসেন্স (ছাড়পত্র/অনুমতি) রয়েছে এমন যে কোন স্থানে আপনারা চুক্তিটি করতে পরবেন - ষ্টেইটলি হোমস, হোটেল, পছন্দসই সমুদ্র সৈকত (বিচ), পাহাড়ের চুড়া।

৯ যখন আমরা রেজিষ্ট্রী (নিবন্ধন) করি তখন কি ঘটে?
এ'টি আপনার দিন। আপনার যা ইচ্ছা আপনি তাই করতে পারেন, অতএব আপনি যা করেননি অথবা যা করেছেন তার জন্যে কোন অফিসারকে আপনাকে শাসাতে দিবেন না! আপনি নিজেই আপনার শপথ লিখতে পারেন, আংটি বিনিময় করতে পারেন, পাঠের প্রয়োজনীয় উপাদান সংগ্রহ করত পারেন, চুক্তি সম্পন্ন করতে পারেন, যা খুশী - কেবল আলোচনা করুন আপনার রেজিষ্ট্রারের সাথে। শুধুমাত্র আপনাকে যা অবশ্যই পালন করতে হবে তা হলো সই করা ও দু'জন সাক্ষীর ব্যবস্থা করা।

* * *

' নাগরিক সেবা প্রদানের লাইসেন্স রয়েছে এমন যে কোন জায়গায় আপনারা চুক্তি করতে পারেন'

১০ এবং ইমিগ্রেশন অফিসার কি বিষয়গুলো দেখবেন?
হ্যাঁ, সাধারণ বিবাহিত দম্পতিদের মতই আপনারা এখন একই পথের পথিক। রেজিষ্ট্রী করার জন্যে দেশে ঢোকার ক্ষেত্রে হয়তো নিষেধাজ্ঞা থাকতে পারে, তবে সাধারণ সঙ্গীদের বেলায় যতখানি এক্ষেত্রে নিষেধাজ্ঞার পরিমাণ তার বেশী নয়।

১১ তাহলে, আমরা কিভাবে শুরু করবো?
ঠিক যেভাবে সাধারণ দম্পতিরা তাদের পার্টনারশীপের বিষয়টি রেজিষ্ট্রেশনের ইচ্ছা জানিয়ে রেজিষ্ট্রেশন সার্ভিসে ব্যক্তিগতভাবে যেয়ে আনুষ্ঠানিক নোটিশ প্রদান করে থাকেন, ঠিক সেভাবে আপনাকেও এগুতে হবে। এবং মনে রাখবেন যে দেশের ভেতর আপনকে নট লাগাতে হবেনা - যতক্ষণ লাইসেন্স রয়েছে ততক্ষণ পর্যন্ত ইউ.কের যে কোনখানেই আপনি যেতে পারবেন। একবার নোটিশ দেয়ার পর আপনাকে ১৫ দিন অপেক্ষা করতে হবে, পরিকল্পনা করতে হবে, পোষাক পছন্দ করতে হবে, বন্ধু-বান্ধবকে দাওয়াত দিতে হবে এবং স্ট্যাগ অথবা হেন রাতে নিজেকে বোকা বানাতে হবে।

১২ এরপরই আপনি আপনাকে আবদ্ধ *করতে পারবেন!*

* * *

আরো কিছু সম্পর্কে এখানে জানতে চান?

সিভিল পার্টনারশীপ সম্পর্কে আপনি যা কিছু জানতে চান তার জন্যে দেখুন
www.stonewall.org.uk
www.stonewallcymru.org.uk

হোম অফিস ইমিগ্রেশন এন্ড ন্যাশানালিটি ডাইরেক্টোরেইট বিদেশী সঙ্গীর সাথে সম্পর্কিত সিভিল পার্টনারশীপের বিষয়গুলোর ব্যাপারে সাহায্য করতে পারে।
0870 606 7766
www.ind.homeoffice.gov.uk

ইউ.কে লেসবিয়ান এন্ড গে ইমিগ্রেশন গ্রুপ ইমিগ্রেশনের (অভিবাসন) সাথে সম্পর্কিত যে কোন বিষয়েই সমর্থন প্রদান করে থাকে।
020 7620 6010
www.uklgig.org.uk

পেনশন সার্ভিস
নূতন পেনশন সংক্রান্ত অধিকারের ব্যাপারে আপনি যদি পরামর্শ চান তাহলে দেখুন
www.thepensionservice.gov.uk

পালক নেয় (এডপশান)
আপনার সঙ্গীর সন্তানকে পালক নেয়ার ব্যাপারে আরো তথ্যের জন্যে দেখুন
www.dfes.gov.uk/adoption

জবসেন্টার প্লাস আপনাকে তথ্য দিতে পারবে বেনিফিটের বিষয়ে। দেখুন
www.jobcentreplus.gov.uk

ইনল্যান্ড রেভিনিউ
ট্যাক্স (কর) আইনের ব্যাপারে কোন জিজ্ঞাসা থাকলে দেখুন
www.inlandrevenue.gov.uk

জেনারেল রেজিষ্টার অফিসের রয়েছে লইসেন্সকৃত স্থানের তালিকা (লিষ্ট) এবং কোন কারণে কেউ ব্যক্তিগতভাবে না আসতে পারলে খরচ, সিভিল পার্টনারশিপ ইত্যাদি সংক্রান্ত তাদের যে কোন প্রশ্নের উত্তর ও অন্যান্য নানান বিষয়ে সমাধান এরা দিয়ে থাকেন। দেখুন Go to www.gro.gov.uk
জেনারেল রেজিষ্টার অফিস ফর স্কটল্যান্ড
www.gro-scotland.gov.uk

স্টোনওয়াল
020 7881 9440
মিনিকম
020 7881 9996

স্টোনওয়াল স্কটল্যান্ড
0131 557 3679
স্টোনওয়াল সিমরু
02920 237 744
ওয়ারউইক ওয়ার্ল্ডওয়াইড কর্তৃক স্টোনওয়ালের জন্যে প্রস্তুতকৃত

স্টোনওয়াল বার্কলেসের কাছে তাদের সমর্থনের জন্যে বিপুলভাবে কৃতজ্ঞ